

নিলাম বিজ্ঞপ্তি

উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর মহোদয়ের স্মারক নং ০৫.৪৭.৮৫৫৮.০০১.০৭.০২৬.২৩-১০৬৩ তারিখ ৩০.০৭.২০২৩খ্রিঃ মূলে ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদের মালিকানাধীন/নিয়ন্ত্রনাধীন রাস্তা/জমিতে অংশীদারিত্বের ভিত্তিতে শঠিবাড়ি হরিপুর স্বনির্ভর বৃক্ষ রোপন সমিতি কর্তৃক রোপিত রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ১৪ নং দুর্গাপুর ইউনিয়নের এর মধ্যে।

০১ নং লট ১৪ নং দুর্গাপুর ইউনিয়নের শঠিবাড়ি হরিপুর রবিউলের বাড়ি মসজিদ হইতে মিজানুরের মৎস্য খামার পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে নম্বরকৃত ০১ হইতে ১৭৪ টি ইউক্রিপ্টাস গাছ।

উল্লেখিত রাস্তায় রোপিত বৃক্ষ আগামী ১৩.০৯.২০২৩ খ্রি: তারিখ রোজ বুধবার দুপুর ০২.০০ ঘটিকার সময় ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে প্রকাশ্যে নিলাম বিক্রয় হবে। আগ্রহী কাঠ ব্যবসায়ী/ক্রেতা সর্ব সাধারণ কে উল্লেখিত তারিখে যথা সময়ে ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহন করার জন্য অনুরোধ জানানো হল।

☞ নিলাম ডাকের শর্তাবলীঃ

- ০১। নিলাম ডাককারীকে ডাকে অংশগ্রহন করার জন্য জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) নগদ জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহন করতে হবে।
- ০২। প্রথম ডাক কারীর পর, পরের ডাককারীকে নিলাম ডাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাড়তি ডাকে অংশগ্রহন করতে হবে।
- ০৩। নিলাম ডাকের ৩(তিন) কার্যদিবসের মধ্যে নিলাম ডাকের সমুদয় টাকা ও অরোপিত ভ্যাট ১ম সর্বোচ্চ ডাককারী কর্তৃক পরিশোধে ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ ডাককারীকে নিলাম প্রদান করা হবে ও প্রথম এবং ২য় সর্বোচ্চ ডাককারী নিলামের টাকা যদি পরিশোধে ব্যর্থ হয় তবে উপরের টাকা বাজেয়াপ্ত করে পুনঃ নিলাম ডাকের ব্যবস্থা গ্রহন করা হবে।
- ০৪। নিলাম ডাকের ৩(তিন) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের সমুদয় টাকা ইউপি চেয়ারম্যান ও অত্র সংস্থার যৌথভাবে পরিচালিত ব্যাংক হিসাবে একযোগে পরিশোধ করতে হবে এবং সর্বোচ্চ ডাককারী কর্তৃক নিলামডাকের সমুদয় টাকার উপর অরোপিত ভ্যাট ও মূল্য সংযোজন কর বাবদ ৯.৫% টাকা সরকারী কোষাগারে পরিশোধ অস্ত্রে বৃক্ষ কর্তনের কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্তির পর ০৭(সাত) দিনের মধ্যে নিলামে বিক্রিত বৃক্ষের সর্বোচ্চ ডাককারীকে নিজ খরচে, নিজ দায়িত্বে গাছের গোড়ার মাটি হতে ০৬(ছয়)ইঞ্চি উপরে গাছ কর্তন করে তা অপসারণ করতে হবে।
- ০৬। নিলামডাকে অংশ গ্রহন কারীদেরকে নিলাম কমিটি কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৭। নিলাম কমিটি/কর্তৃপক্ষ যে কোন দর গ্রহন বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষন করবেন।



৩১.০৮.২০২৩

(মোঃ মাহবুবুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
ও
আহবায়ক, নিলাম কমিটি
মিঠাপুকুর, রংপুর।

স্মারন নং-৪৭.৬১.৮৫৫৮.০০০.২৭.০০১.১৪- ২৫০/১(৫)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
- ০২। চেয়ারম্যান, ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর। আপনাকে উক্ত নিলাম বিজ্ঞপ্তিট মাইকিং, ঢোলসহ ব্যাপক প্রচার করতঃ যথাসময়ে ইউপি অফিসে উপস্থিত থেকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।
- ০৩।নিলাম কমিটির একজন সম্মনিত সদস্য হিসেবে আপনাকে উল্লেখিত তারিখে যথাসময়ে ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
- ০৪। সভাপতি/সম্পাদক, শঠিবাড়ি হরিপুর স্বনির্ভর বৃক্ষ রোপন সমিতি, মিঠাপুকুর, রংপুর। আপনাকে/আপনাদের উল্লেখিত তারিখে যথাসময়ে ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত উপস্থিত থেকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ০৫। অফিস নথি।



৩১.০৮.২০২৩

উপজেলা সমবায় অফিসার
ও
আহবায়ক, নিলাম কমিটি
মিঠাপুকুর, রংপুর।